

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা কমিশন  
শিল্প ও শক্তি বিভাগ  
বিদ্যুৎ উইং

নং-২০.০৫.০০০০.৪৭৮.১৪.২৬৫.১৬- ১২০

তারিখঃ ১৭ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ  
০১ নভেম্বর, ২০১৬ খ্রিষ্টাব্দ

পিইসি সভার বিজ্ঞপ্তি

বিষয়ঃ “এক্সপানশন এন্ড স্ট্রেন্গেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া”-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রস্তাবিত “এক্সপানশন এন্ড স্ট্রেন্গেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া”-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)’র সভা আগামী ০৭/১১/২০১৬ খ্রিঃ তারিখ সোমবার সাকাল ১১.৩০ ঘটিকায় পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি বিভাগ) মহোদয়ের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে (রুম-১০, কক্ষ-৩) অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় উপযুক্ত প্রতিনিধি (যুগ্ম-প্রধান/যুগ্ম-সচিব পর্যায়ে) নিম্নে নয়) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। সভার কার্যপত্র এবং প্রস্তাবিত ডিপিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

  
০২/১১/২০১৬

(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান)  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯১৮০৬৪৬

ই-মেইলঃ kzaman050870@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- [দৃঃ আঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।**
- ৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা।

অবগতির জন্য অনুলিপিঃ

- ১। উপ-সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।  
(২০ জন কর্মকর্তার চা-নাস্তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা, পরিকল্পনা কমিশন চত্বর পুলিশ ক্যাম্প, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।  
(তাকে সভায় আমন্ত্রিত অতিথিবৃন্দের কমিশন চত্বরে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৭। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৮। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৯। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা কমিশন  
শিল্প ও শক্তি বিভাগ  
বিদ্যুৎ উইং

বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার জন্য কার্যপত্র।

১। প্রকল্পের নামঃ “এক্সপানশন এন্ড স্ট্রেন্গেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া”  
[Expansion & Strengthening of Power System Network under DPDC Area]

২। উদ্যোগী মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থাঃ

(ক) বিভাগ/মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

(খ) বাস্তবায়নকারী সংস্থাঃ ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ডিপিডিসি)।

৩। প্রকল্প এলাকাঃ

বিভাগ	জেলা	উপজেলা/এলাকা
ঢাকা	ঢাকা ও নারায়নগঞ্জ	ইংলিশ রোড, তেজগাঁও, কাকরাইল, নবীনগর, বশিলা, মোহাম্মদপুর, গ্রিন মডেল টাউন, তালতলা, গোড়ান, মাতুআইল, সাইনবোর্ড, পাগলা, চাষাঢ়া, আদমজি। নাখালপাড়া, মহাখালী, বেইলী রোড, হলি ফ্যামিলি হসপিটাল, বসিলা-১, বসিলা-২, শ্যামলী, আদাবর, মনসুরাবাদ, মান্দা, দক্ষিণগাঁও, গোড়ান-২, বনশ্রী-২, সিপাইবাগ, রিয়াজবাগ, লামাপাড়া, দেলপাড়া-২, ভূইগড়, সানারপাড়, শিবু মার্কেট, ফতুল্লা স্টেডিয়াম, দেলপাড়া, মুন্সীখোলা, ধানমন্ডি, বুয়েট। হাতিরঝিল (মগবাজার), বঙ্গভবন, নারিন্দা, শ্যামপুর, কারুঞ্জিরচর এবং মাতুআইল, পঞ্চবটী বিএসসিআইসি, সারুলিয়া এবং সিকদার মেডিকেল কলেজ।

৪। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ

(কোটি টাকায়)

জিওবি	সংস্থার নিজস্ব	প্রকল্প সাহায্য	মোট
৫৫৩৬.৯৬৩৯	১১২০.২৬৬০	১৩৮৪৪.২৮৫১	২০৫০১.৫১৫০

৫। প্রকল্পের অর্থায়নঃ (ঋণ, অনুদান, ইকুইটি অন্যান্য):

(কোটি টাকায়)

অর্থায়নের প্রকৃতি	জিওবি	সংস্থার নিজস্ব	প্রকল্প সাহায্য	মোট	প্রকল্প সাহায্যের উৎস
১	২	৩	৪	৫	৬
(ক) ঋণ	২২১৪.৭৮৫৬ (৪০%)	-	১৩৮৪৪.২৮৫১	১৬০৫৯.০৭০৭	চীন সরকারের কনসেশনাল লোন (G to G) Exim Bank
(খ) গ্র্যান্ট	-	-	-	-	
(গ) ইকুইটি	৩৩২২.১৭৮৪ (৬০%)	-	-	৩৩২২.১৭৮৪	
(ঘ) অন্যান্য	-	১১২০.২৬৬০	-	১১২০.২৬৬০	
মোট	৫৫৩৬.৯৬৩৯	১১২০.২৬৬০	১৩৮৪৪.২৮৫১	২০৫০১.৫১৫০	

৬। প্রকল্পের বাস্তবায়নকালঃ জানুয়ারি, ২০১৭ হতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত।

৭। ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তিঃ প্রকল্পটি ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বৈদেশিক সহায়তা প্রাপ্তির সুবিধার্থে প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত আছে (এডিপি পৃষ্ঠাঃ ৭৮১, ক্রমিক নং- ১০৫)।

৮। প্রকল্পের উদ্দেশ্যঃ

আলোচ্য প্রকল্পের প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

➤ আলোচ্য প্রকল্পের মূল উদ্দেশ্য হলো ডিপিডিসি এলাকায় গ্রাহকদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার নিমিত্ত ১৩২ কিভি এর জন্য ৫৩৩০ এমভিএ এবং ৩৩ কেভির জন্য ৪০৮০ এমভিএ ক্ষমতাবর্ধন।

সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহঃ

- ডিপিডিসি এলাকায় নতুন ১৩২/৩৩ কেভি এবং ৩৩/১১ কেভি ক্ষমতাসম্পন্ন উপ-কেন্দ্রসহ কন্ট্রোলরুম, দাপ্তরিক ও বাণিজ্যিক ভবন নির্মাণ;
- বিদ্যমান ১৩২/৩৩ কেভি এবং ৩৩/১১ কেভি উপকেন্দ্রসমূহের ক্ষমতা বৃদ্ধিকরা;
- ১৩২ কেভি এবং ৩৩ কেভি ভূগর্ভস্থ কেবল নেটওয়ার্ক তৈরীকরণ;
- হাতিরঝিল এলাকার বিদ্যমান ওভারহেড সঞ্চালন লাইনসমূহকে ভূগর্ভস্থ লাইনে রূপান্তরকরণ;
- বিদ্যমান উপকেন্দ্রসমূহকে অটোমেশন ও কমিউনিকেশন ব্যবস্থাকে বিবেচনায় নিয়ে নতুন স্ক্যাডা (SCADA) স্থাপন;
- আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষণ কমপ্লেক্সসহ টেস্টিং ল্যাবরেটরী নির্মাণ; এবং
- উন্মুক্ত হ্যাঞ্জার সম্বলিত অত্যাধুনিক মেকানাইজড ওয়ার হাউজ নির্মাণ।

## ৯। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও প্রস্তাবিত মূল কার্যক্রমঃ

২০২১ সালের মধ্যে সমগ্র দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ করার লক্ষ্যে সরকার ২৪,০০০ মে:ও: বিদ্যুৎ উৎপাদনের জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে যা ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মে:ও: এ উন্নীত করার পরিকল্পনা রয়েছে। বিদ্যুৎ উৎপাদনের উক্ত লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্য রেখে বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা উন্নয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। গ্রাহকের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদার প্রেক্ষিতে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এলাকার আওতাধীন ঢাকা মেট্রোপলিটন ও নারায়ণগঞ্জ জেলার (আংশিক) বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করেছে। এ লক্ষ্যে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ডিপিডিসি কর্তৃক বিভিন্ন ক্ষমতার ১৭৫০ কিঃমিঃ নতুন বিতরণ লাইন, বিভিন্ন ভোল্টেজ লেভেলের ৬০ টি উপকেন্দ্র নির্মাণ এবং ৪.২৬ লক্ষ নতুন গ্রাহক সংযোগের কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। এরই ধারাবাহিকতায় ডিপিডিসি এলাকায় সুষ্ঠু ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে নতুন বিতরণ লাইন নির্মাণ ও সংস্কার এবং নতুন উপকেন্দ্র নির্মাণ ও সংস্কারের জন্য মোট ২,০৫০,১.৫২ কোটি টাকা (জিওবি ৫৫৩৬.৯৬ কোটি, সংস্থার নিজস্ব ১১২০.২৭ কোটি ও প্রকল্প সাহায্য ১৩৮৪৪.২৯ কোটি) প্রাক্কলিত ব্যয় সম্বলিত এবং জানুয়ারী, ২০১৭ হতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নার্থে “এক্সপ্যানশন এন্ড স্ট্রেন্গেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া [“Expansion and Strengthening of Power System Network under DPDC Area”] শীর্ষক একটি প্রকল্পের প্রস্তাব করা হয়েছে।

## ১০। প্রকল্পের আওতায় গৃহীত প্রধান কার্যক্রম নিম্নরূপঃ

প্রস্তাবিত প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম নিম্নরূপঃ

প্রকল্পের মূল কার্যক্রম নিম্নরূপঃ

- নতুন ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র নির্মাণ : ১৪টি
- নতুন ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ : ৪০টি
- বিদ্যমান ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি : ০৮টি
- বিদ্যমান ৩৩/১১ কেভি উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি : ০৪টি
- স্ক্যাডা অটোমেশন সিস্টেম : ০১ টি
- আধুনিক ট্রেনিং সেন্টার : ০১ টি
- আধুনিক ওয়্যার হাউজ : ০১টি
- নতুন ভূ-গর্ভস্থ ক্যাবল লাইন নির্মাণ:
  - ক) ১৩২ কেভি : ৬৫৩ কিমি
  - খ) ৩৩ কেভি : ৭০০ কিমি
- নতুন বিতরণ লাইন নির্মাণ:
  - ক) ১১/০.৪ কেভি ভূ-গর্ভস্থ (ধানমন্ডি) : ১০৫ কিমি
  - খ) ১১/০.৪ কেভি ওভারহেড : ৫৮২ কিমি
- আনুষংগিক পূর্ত নির্মাণ কাজ (উপকেন্দ্র কন্ট্রোল রুম/অফিসিয়াল/বাণিজ্যিক/আবাসিক)।

১১। প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বিভাজনঃ প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বিভাজনের চিত্র পরিশিষ্ট- ‘ক’ তে দেয়া হল।

## ১২। প্রকল্পের আয়-ব্যয় বিশ্লেষণঃ (১২% ডিসকাউন্ট রেট; ডিপিপি পৃ-১০)

প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ নিম্নে ছকে প্রদান করা হল:

(ডিসকাউন্ট রেট ১২%)

	আর্থিক	অর্থনৈতিক
NPV	৪২০.৫৭৮৪ কোটি টাকা	৯৫৪১.১৬০১ কোটি টাকা
BCR	১.০০৪	১.০৭৫
IRR	১২.২৬%	১৮.৩০%

## ১৩। পরিকল্পনা কমিশনের মতামতঃ

১৩.১ প্রকল্পের শিরোনাম বাংলায় “এক্সপানশন এন্ড স্ট্রেন্গেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া” লেখা হয়েছে এটি মূলতঃ ইংরেজী শিরোনামের বঙ্গানুবাদ হবে;

১৩.২ ডিপিপি'র ১০নং অনুচ্ছেদ উল্লিখিত প্রকল্পের লগফ্রেম সঠিকভাবে প্রনয়ণ করা হয়নি। প্রস্তাবিত বৃহদাকার প্রকল্পটির লগফ্রেম আরো সঠিক, সংক্ষিপ্ত, প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়;

১৩.৩ ডিপিপি'র ১৮ নং অনুচ্ছেদের বর্ণনায় কিছু Non-Conventional আইটেমের কথা উল্লেখ করা হয়েছে। Non-Conventional বলতে কি বোঝানো হয়েছে বিদ্যুৎ বিভাগ সভাকে অবহিত করতে পারে;

১৩.৪ ডিপিপি'র ২৮ নং অনুচ্ছেদে বর্ণিত সম্ভাব্য ঝুঁকি (Risk) এবং ঝুঁকি প্রশমনে সম্ভাব্য করণীয় এর মধ্যে কোন সামঞ্জস্যতা নেই মর্মে প্রতীয়মান হয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের মতামত জানা যেতে পারে;

১৩.৫ বিদ্যমান পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ডিপিপি'র কলেবর আরো সংক্ষিপ্ত করা যেতে পারে;

১৩.৬ ডিপিপি'তে ৩৬৩-৩৬৫ নং পৃষ্ঠাসমূহে বর্ণিত প্রকল্পের আওতায় যে বৈদেশিক প্রশিক্ষণের সংস্থান রয়েছে তা মূলতঃ কারিগরি ধর্মী। টেকনিক্যাল/ইঞ্জিনিয়ারিং ধর্মী বৈদেশিক প্রশিক্ষণের পরিবর্তে প্রকল্পের আওতায় আইএমইডি, পরিকল্পনা কমিশনের কর্মকর্তাদের জন্য প্রকল্প ব্যবস্থাপনা সম্পর্কিত কোন প্রশিক্ষণ এর আয়োজন করলে তা অধিকতর ফলপ্রসূ বলে প্রতীয়মান হয়;

১৩.৭ প্রকল্পের আওতায় যে সকল জেলায় জমি অধিগ্রহণের পরিকল্পনা আছে যে সকল জেলার সংশ্লিষ্ট মৌজার বাজারদরের ভিত্তিতে ডিপিপি'তে জমির প্রাক্কলন করা হয়েছে কি না তা সভায় জানা যেতে পারে;


১৩.৮ ডিপিপি'তে প্রস্তাবিত Stearing Committee-তে বিদ্যুৎ বিভাগ থেকেই সভাপতিসহ মোট ৫ জন সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে যা বিদ্যুৎ বিভাগের অন্যান্য প্রকল্পের অনুরূপ করা যেতে পারে;

১৩.৯ ডিপিপি'তে বেশ কিছু মুদ্রণজনিত ত্রুটি আছে যা সংশোধন করা সমীচীন;

১৩.১০ ১৯ নং অনুচ্ছেদে আলোচ্য প্রকল্পের সাথে চলমান কতিপয় প্রকল্পের ব্যয়ের তুলনামূলক বিবরণ প্রদান করা হয়েছে। এতে দেখা যায় যে, বেশ কতিপয় অঞ্জের ব্যয় চলমান প্রকল্প হতে বেশী। আবার কতিপয় অঞ্জের ব্যয় কম। কিন্তু শুধুমাত্র তুলনামূলক বিবরণ প্রদান করা হলে এ বিষয়ে কোন ধারণা পাওয়া সম্ভব নয়। ব্যয় কম-বেশী হওয়ার কারণ নীচে বর্ণনা করা হলে ব্যয় তারতম্যের কারণ সম্পর্কে জানা যায় এবং সিদ্ধান্ত গ্রহণ সহজ হয়। তাই তুলনামূলক প্রকল্পের চেয়ে আলোচ্য প্রকল্পের অঞ্জের ব্যয় কম-বেশী হওয়ার কারণ নীচে উল্লেখ করা যায়;

১৩.১১ প্রকল্পের বৈদেশিক সাহায্য প্রাপ্তির নিশ্চয়তা ও সর্বশেষ অগ্রগতির বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করতে পারেন;

১৩.১২ প্রকল্পের Financial Analysis এর ক্ষেত্রে ১২% ডিসকাউন্ট রেট ধরে প্রকল্পের FNPV এবং FBCR নির্ণয় করা হয়েছে। এটি মূলত: প্রকল্পের Weighted Average Cost of Capital (WACC) এর ভিত্তিতে নির্ণয় করা আবশ্যিক।

  
(মোঃ খলিলুর রহমান খান)  
যুগ্ম-প্রধান  
পরিকল্পনা কমিশন

প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বিভাজন (ডিপিপি পৃ: ৪) :

(কোটি টাকায়)

আইটেম	পরিমাণ	ডিপিডিসি	জিওরি	প্রকল্প সাহায্য	মোট
ক) রাজস্ব ব্যয়:					
কর্মকর্তাদের বেতন	৮৮ জন	৩৪.৯৮৭৩	০.০০	০.০০	৩৪.৯৮৭৩
কর্মচারীদের বেতন	১০৮ জন	১৪.১২৩৬	০.০০	০.০০	১৪.১২৩৬
ভাতাদি	১৯৬ জন	৫৯.০৪৪৬	০.০০	০.০০	৫৯.০৪৪৬
সরবরাহ সার্ভিস	লট	১৪৬.৩৬৯০	৯৪.৮১৬০	২১.৭১৩৫	২৬২.৮৯৮৫
মেরামত ও সংরক্ষণ	লট	৩.২৩৫২	০.০০	০.০০	৩.২৩৫২
ক) উপমোট (রাজস্ব ব্যয়):		২৫৭.৭৫৯৭	৯৪.৮১৬০	২১.৭১৩৫	৩৭৪.২৮৯২
খ) মূলধন ব্যয়:					
সম্পদ সংগ্রহ ব্যয়:					
যানবাহন	জীপ-১০টি, ডাবল কেবিন পিক আপ- ২৫টি, বুম ট্রাক- ২টি, মোবাইল ভ্যান-৮টি এবং মোটর সাইকেল- ২০টি।	০.০০	০.০০	৩২.১০১৩	৩২.১০১৩
অফিস সরঞ্জাম	লট	১.৪১০১	০.০০	০.০০	১.৪১০১
আসবাবপত্র	লট	১.৫৯১১	০.০০	০.০০	১.৫৯১১
বৈদ্যুতিক সরঞ্জাম	লট	০.০০	০.০০	৮২৪৯.০৭৫৩	৮২৪৯.০৭৫৩
ভূমি অধিগ্রহণ/ক্রয়	৮.০৯ একর	২৪৫.০০০০	০.০০	০.০০	২৪৫.০০০০
নির্মাণ এবং পূর্ত কাজ/স্থাপন :					
ভূমি উন্নয়ন	৭৭৭৫৫.৭৪ ঘঃমিঃ	৮.১০৯৯	০.০০	০.০০	৮.১০৯৯
অনাবাসিক/ফাংশনাল	৩৬৭৩৬৪ বর্গমিঃ	০.০০	০.০০	৩০০৪.৫১৮৪	৩০০৪.৫১৮৪
স্থাপন ব্যয়	লট	০.০০	০.০০	১৬৩২.৫৯৬২	১৬৩২.৫৯৬২
সিডি এবং ভ্যাট	লট	০.০০	৪৯৪৯.৪৪৫২	০.০০	৪৯৪৯.৪৪৫২
আয়কর এবং ভ্যাট	লট	০.০০	৪৮৬.০৬৫৬	০.০০	৪৮৬.০৬৫৬
অন্যান্য	থোক	২.০০০০	০.০০	০.০০	২.০০০০
আইডিসি	লট	৫৮৬.৪৬৭৩	০.০০	০.০০	৫৮৬.৪৬৭৩
খ) উপমোট (মূলধন ব্যয়):		৮৪৪.৫৭৮৫	৫৪৩৫.৫১০৮	১২৯১৮.২৯১২	১৯১৯৮.৩৮০৪
গ) প্রাইস কন্টিনজেন্সি	লট	১২.৮০৫৬	৪.৭৪০৮	৬৪৫.৯১৪৬	৬৬৩.৪৬০৯
ঘ) ফিজিক্যাল কন্টিনজেন্সি	লট	৫.১২২২	১.৮৯৬৩	২৫৮.৩৬৫৮	২৬৫.৩৮৪৪
মোট (ক+খ+গ+ঘ):		১১২০.২৬৬০	৫৫৩৬.৯৬৩৯	১৩৮৪৪.২৮৫১	২০৫০১.৫১৫০